



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আঞ্চলিক তথ্য অফিস

আগ্রাবাদ, চট্টগ্রাম।



তথ্য বিবরণী

নম্বর:৪২/চ

বন্যা পরিস্থিতি মোকাবেলায় বিভাগীয় প্রশাসনের জরুরি সভা

চট্টগ্রাম, ৭ ভাদ্র (২২ আগস্ট):

সারা দেশে অতি ভারী বৃষ্টি এবং অবনতিশীল বন্যা পরিস্থিতির কারণে আজ সকালে বিভাগীয় কমিশনার মো: তোফায়েল ইসলাম এর সভাপতিত্বে গুগল মিট প্ল্যাটফর্মে এক জরুরি সভা অনুষ্ঠিত হয়। সভায় বিভাগের সকল জেলা প্রশাসক ও কমিটির সদস্যবৃন্দ অংশগ্রহণ করেন।

সভায় জানানো হয় কুমিল্লা, ফেনী, খাগড়াছড়ির অবস্থা সবচেয়ে খারাপ। অন্যান্য জেলাও ক্ষতিগ্রস্ত হয়েছে। সকল জেলায় আশ্রয়নকেন্দ্র খোলা হয়েছে এবং সেখানে ক্ষতিগ্রস্ত লোকজন আশ্রয় নিচ্ছেন। সেনাবাহিনী, নৌবাহিনী, বেসামরিক প্রশাসন, ছাত্র ও স্বেচ্ছাসেবীরা উদ্ধারকাজ পরিচালনা করছেন ও ক্ষতিগ্রস্ত লোকজনের পাশে রয়েছেন।

বিভাগীয় কমিশনার বলেন, বন্যাদূর্গত মানুষদের শুকনো খাবার, বিশুদ্ধ পানি, পানি বিশুদ্ধকরণ টেবলেট ও রান্না করা খাবার বিতরণ করা হচ্ছে। এছাড়াও তিনি, জেলা প্রশাসক ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গকে ভারী বর্ষণ ও বন্যায় ক্ষতিগ্রস্তদের পাশে থাকার নির্দেশ প্রদান করেন।

সভায় তিনি বিদ্যুৎ, চিকিৎসা সেবা, বিশুদ্ধ পানির সরবরাহ, গবাদি পশু ও ফসল রক্ষায় কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করেন। চট্টগ্রাম ও পার্বত্য এলাকার জেলা প্রশাসকদের পাহাড় ধ্বসের বিষয়ে সজাগ থাকার জন্য নির্দেশনা দেন।

আহসান/প্রান্ত/বাবুল, ১৫.৩০ টা ঘন্টা, ২০২৪।।